# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
**স্বাধীনতা ভবন**
**৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**
**প্রশাসন বিভাগ**
(www.bffwt.gov.bd)

বিষয়ঃ তথ্য অধিকার (RTI) আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহাবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ১৮/১২/২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা ০৩.০০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট “ক” |

সভার প্রারম্ভে সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য ট্রাস্টের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, যুগ্মপরিচালক (প্রশাসন), জনাব মো: ফয়েজ আহমেদ খান-কে অনুরোধ জানান। ট্রাস্টের যুগ্মপরিচালক (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভাপতি বলেন, সরকারি কর্মচারীদের অন্যতম কর্তব্য হলো জনগণের সেবা করা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১ (২) উল্লেখ রয়েছে “ সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য”। সরকারি দপ্তরে সেবা পাওয়ার জন্য প্রয়োজন অফিসের কার্যাবলী সম্পর্কে জানা। তথ্য পাওয়ার জন্য সরকার ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণয়ন করেছে। তথ্যে নাগরিকের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য তথ্য অধিকার আইন সম্পর্কে সম্যক ধারণা লাভের কোনো বিকল্প নেই। তাই তথ্য অধিকার আইন সম্পর্কিত আজকের এই সভাটি খুবই গুরুত্বপূর্ণ। তিনি আরও বলেন, সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ ও কার্যালয়সমূহের জন্য প্রবর্তিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতেও তথ্য অধিকার আইনের বাস্তবায়নকে আবশ্যিক কাজ হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

০৩। অত:পর সভাপতি তথ্য অধিকার আইন-২০০৯ ও বিধি-বিধান power Point এর মাধ্যমে বিস্তারিত উপস্থাপন করেন। তিনি বলেন, মানবাধিকার, ন্যায়বিচার প্রতিষ্ঠার পূর্বশর্ত হচ্ছে তথ্য অধিকার। সরকারি, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি হ্রাস করার লক্ষ্যে তথ্য অধিকার আইন-২০০৯ জাতীয় সংসদে গৃহীত হয়েছে। তিনি আরও বলেন, তথ্য হলো শক্তি। তথ্য অধিকার আইনকে সফলভাবে বাস্তবায়ন ও অংশীজনের (Stakeholders) এ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য তথ্য অধিকার আইন ও বিধি-বিধান অবহিত করা একান্ত জরুরি।

০৪। তিনি তথ্য অধিকার আইন-২০০৯ এর কতিপয় ধারা/অনুচ্ছেদ সভায় বিশদভাবে ব্যাখ্যা করেন। তথ্য অধিকার আইন কি, কিভাবে তথ্য পেতে হবে, কার নিকট তথ্য প্রাপ্তির আবেদন করতে হবে, কি কি তথ্য পাওয়া যাবে, কোন কোন তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়, নির্ধারিত সময়ে তথ্য না পেলে কার নিকট আপিল করতে হয় ইত্যাদি বিষয়টি বিস্তারিত আলোচেনা করেন।

চলমান পাতা-০২

০৫। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আব্দুল্লাহ, বীর প্রতীক বলেন ২০২০ সালের কল্যাণ ট্রাস্ট আর ২০২৩-২০২৪ সালের কল্যাণ ট্রাস্ট এক নয়। ট্রাস্টের আমুল পরিবর্তন হয়েছে। পূর্বের তুলনায় বর্তমানে কল্যাণ ট্রাস্ট প্রত্যাশার চেয়ে অধিক সেবা প্রদান করছে। এজন্য তিনি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে আন্তরিক অভিনন্দন জানান।

০৬। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ নিজাম উদ্দিন বলেন, ট্রাস্টের সেবা কার্যক্রম পূর্বের চেয়ে অনেক বেশি গতিশীল হয়েছে। দুর্নীতি না থাকায় সুশাসন প্রতিষ্ঠা হয়েছে। ট্রাস্টের বর্তমান কার্যক্রমে তিনি সন্তোষ প্রকাশ করেন।

০৭। <u>বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:</u>

(ক) তথ্য অধিকার আইন-২০০৯ ও বিধি-বিধান অনুযায়ী তথ্য প্রাপ্তির জন্য অংশীজনদেরকে (Stakeholders) নিয়ে আরো সভা/সেমিনারের আয়োজন করতে হবে।

০৭। পরিশেষে, তথ্য অধিকার আইন, বিধি-বিধান ও তথ্য কর্মপরিকল্পনা-২০২৩-২০২৪ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
আপিল কর্মকর্তা, তথ্য অধিকার

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩২.০০৬.২৩.৫৬৮

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ ব:
০৯ জুন ২০২৪ খ্রি:

<u>অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে :</u>

(০১) পরিচালক, প্রশাসন/বাণিজ্য ও উন্নয়ন/কল্যাণ ও গবেষণা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
(০২) যুগ্ম পরিচালক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
(০৩) জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), প্রকৌশল শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৪) সহকারী প্রধান হিসাবরক্ষণ ক [illegible], বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
(০৫) সহকারী প্রধান হিসাবনিরীক্ষণ [illegible]র্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
(০৬) শেখ গোলাম সরোয়ার, সহকারী প্রোগ্রার (আইসিটি), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
(০৬) জনাব ........................................................................................

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে:</u>

০১। উপসচিব (ইতিহাস সংরক্ষণ ও গবেষণা) ও তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। অফিস কপি/গার্ড ফাইল

(মোঃ ফয়েজ আহমেদ খান)
যুগ্মপরিচালক (প্রশাসন) ও
তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

# তথ্য অধিকার (RTI) আইন ও বিধি-বিধান সম্পর্কে অংশীজনের (Stakeholders) অবহিতকরণ সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষর।

**সভার তারিখ : ৩০/০৫/২০২৩ খ্রি:** **সময়: বেলা ১২.০০.০০ ঘটিকা**

| ক্রমিক নং | কর্মকর্তা নাম ও পদবি/অংশীজনের | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মো: জাহিদ উদ্দীন সরদার<br>পরিচালক | | |
| ০২ | মো: খোরশেদ আলম<br>অতি: পরিচালক | 01681250019 | [signature] |
| ০৩ | আব্দুল হোসেন সাব্বীর | ০১৭১১৮৩৫৪৫ | [signature] ৩০-০৫-২০২৩ |
| ০৪ | আমিনুল ইসলাম | ০১৭৫৫৫৮৪৪০৪ | [signature] ৩০/৫/২৩ |
| ০৫ | আনিসুর রহিম আনসারী<br>নিরীক্ষা কর্মকর্তা | 01711-272681 | AKAnsary ৩০/০৫/২৩ |
| ০৬ | মো: গোলাম মোস্তফা | 01671070331 | [signature] 30/05/23 |
| ০৭ | মো: আব্দুল মতিন প্রধান<br>উপ-সহকারী পরিচালক | 01533950549 | [signature] ৩০/৫/২৩ |
| ০৮ | | | |
| ০৯ | সনজয় কৃষ্ণ শীল<br>সহকারী প্রকৌশলী (সিভিল) | 01829269432 | Sanjoy ৩০/০৫/২৩ |
| ১০ | মো: সুমন মিয়া<br>উপ সহঃ প্রকৌশলী (সিভিল) | 01936-96 4980 | Sumon 30/05/23 |
| ১১ | মো: সালাহ উদ্দিন মীর<br>উপ-সহ: পরিচালক (কে) | 01993268163 | [signature] ৩০/৫/২৩ |
| ১২ | মো: নূর আলম ইসলাম<br>উপ-সহ: পরিচালক | ০১৭২০৫০৩২৬৮ | [signature] ৩০/০৫/২৩ |
| ১৩ | মো: ওসিম উদ্দিন মোল্লা<br>উপ-সহকারী পরিচালক | ০১৯২৯০৮৬৯২৮ | [signature] ৩০/৫/২৩ |
| ১৪ | মো: আলাল হোসেন<br>উপ-সহকারী পরিচালক (প্রশাসন) | 01970-547898 | [signature] ৩০/০৫/২৩ |
| ১৫ | মো: আইয়ুব খান<br>উপ-সহকারী পরিচালক (প্র:) | 01716-857749 | [signature] ৩০/০৫/২৩ |
| ১৬ | কাজী নজরুল হক<br>হিসাবরক্ষণ কর্মকর্তা | 01406197541 | [signature] ৩০/৫/২৩ |

**অংশীজন (স্টেকহোল্ডার):**

| ক্রঃ নং | কর্মকর্তাদের নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৭. | মোঃ আবদুল্লাহ বি.পি. যুদ্ধাহত মুক্তিযোদ্ধা | ০১৯১৫১৮০২০৪ | |
| ১৮. | (মোঃ সাজিদ আহমদ সিন্টু) যুদ্ধাহত মুক্তিযোদ্ধা | ০১৭১২৬৪২১২০ | |
| ১৯. | মোঃ মিজানুর রহমান যুদ্ধাহত মুক্তিযোদ্ধা | 01550167061 | |
| ২০. | মোঃ হুমায়ুন কবির যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা | 01550167245 | |
| ২১. | মোঃ সিরাজুল ইসলাম যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা | 01550167192 | |
| ২২. | মোঃ লিয়াকত আলী যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা | 01712-678194 | |
| ২৩. | আজিজ আহমেদ | 01711158945 | |
| ২৪. | আবু সাঈদ মিঞা (বাবুল) | 01819167631 | |
| ২৫. | | | |
| ২৬. | | | |